# বিরোধীদলীয় নেতার সঙ্গে আইপিইউ মহাসচিবের সৌজন্য সাক্ষাৎ



ছবি: সংগৃহীত

বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশ সফররত ইন্টারন্যাশনাল পার্লামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) মহাসচিব অ্যান্ডা ফিলিপ। সোমবার (৩১ আগস্ট) জাতীয় সংসদ ভবনে বিরোধীদলীয় নেতার কার্যালয়ে তাদের বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে বাংলাদেশের সংসদীয় গণতন্ত্র এবং জাতীয় সংসদকে আরও কার্যকর করার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। গুরুত্বপূর্ণ জাতীয় ইস্যুতে সংসদকে আলোচনা ও সংলাপের প্রধান জায়গা হিসেবে গড়ে তোলার বিষয়েও মতবিনিময় করেন তারা।

এ সময় বিরোধীদলীয় নেতা সংসদীয় গণতন্ত্রে বিরোধী দলের ভূমিকার কথা তুলে ধরেন। সংসদে সরকারি দল ও বিরোধী দলের সদস্যদের সমতাভিত্তিক অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয়তার কথাও বলেন তিনি।

বৈঠকে জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যুতে সরকারি ও বিরোধী দলের সদস্যদের মধ্যে নিয়মিত আলোচনা ও সংলাপ চালু রাখার ওপর গুরুত্ব দেওয়া হয়। সংসদীয় কমিটিগুলোকে আরও কার্যকর করা এবং তরুণ সংসদ সদস্যদের অংশগ্রহণ বাড়ানোর বিষয়েও আলোচনা হয়।

আইপিইউ মহাসচিব বাংলাদেশের সংসদীয় গণতন্ত্রের অগ্রযাত্রায় সংস্থাটির সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দেন। সাক্ষাৎ শেষে দুই পক্ষ ভবিষ্যতেও পারস্পরিক যোগাযোগ ও সহযোগিতা বজায় রাখার আশা প্রকাশ করে।

আইপিইউ মহাসচিবের সঙ্গে বৈঠকে উপস্থিত ছিলেন সংস্থাটির প্রোগ্রাম অফিসার রবার্তো রডরিগুয়েজ ভ্যালেন্সিয়া এবং সিনিয়র এক্সপার্ট হেরিয়েনো এ অ্যাংগোরো।

বিরোধীদলীয় নেতার সঙ্গে উপস্থিত ছিলেন জাতীয় সংসদ সদস্য ব্যারিস্টার নাজিব মোমেন, বিরোধীদলীয় নেতার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমাদ বিন কাসেম আরমান এবং পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা কমিটির সদস্য আলী আহমাদ মাবরুর।

এ ছাড়া বিশেষ অতিথি হিসেবে জুলাই গণঅভ্যুত্থানের আহত চারজন যোদ্ধা জসীমউদ্দিন খান, কামরুল হাসান, রিফাত হাওলাদার ও জাকির শিকদার বৈঠকে অংশ নেন।